

স্মারক নং-১৬.০০.০০০০.০১৭.৩৩.০৬১.২২.২৯০

তারিখ: ০৫ চৈত্র ১৪২৯
১৯ মার্চ ২০২৩

বিষয়: **কারণ দর্শানোর নোটিশ।**

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের নিবন্ধিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে **বাব-ই-মদিনা ট্রাভেলস এন্ড টুরস (হজ লাইসেন্স নং-৫২৭)**, 3/4, Purana Paltan, Madina Tower (3rd Floor), Room No.405/B, Dhaka-1000-এর স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার/ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালন করছেন; এবং

০২। যেহেতু বেসরকারি ব্যবস্থাপনায় হজযাত্রী প্রেরণ বিষয়ে আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এ বর্ণিত শর্তাদি পালনে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং

০৩। যেহেতু হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা ২০২২ বিদ্যমান;

০৪। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে গত ২৫.০৬.২০২২ তারিখে হজযাত্রীর পক্ষে জনাব মো: মোতালেব হোসেন সরকার নিম্নরূপ আবেদন করেছেন;

“হজ এজেন্সি বাবে মদিনা তার মালিক আলহাজ মাওলানা সুলতান মাহমুদ, মুসা তামান্না টাওয়ার ডেমরা, ঢাকা (হজ লাইসেন্স নং-৫২৭) মোবাইল নম্বর-০১৮১৭৪৫৪১৪৫, ০১৭১৫১৭৩৮৪৬ গত ১৮.০৫.২০২২ ইং (১) মো: মোতালেব হোসেন সরকার (২) মতিনুর মহল সিমাত (৩) শেফালী বেগম (৪) মো: লোকমান হোসেন ও (৫) সেলিনা বেগম (নাম, ঠিকানা, পাসপোর্ট ও মোবাইল নম্বর সংযুক্ত) প্রাক নিবন্ধন থাকায় রিপ্লেসমেন্ট ভিসায় তাদের কে হজে পাঠানোর কথা বলে ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা অগ্রিম আলহাজ সুলতান মাহমুদ এর ব্যাংক একাউন্টের মাধ্যমে গ্রহণ করে (যার ব্যাংক রশিদ সংযুক্ত) করেছেন। কিন্তু অদ্যাবদি তাদেরকে হজে নেওয়া হয়নি এবং ২০২২ সালে প্রত্যেক জনের কাছ থেকে ৬,৬০,০০০/- টাকা দাবি করে বলে ৫ জনের মধ্য থেকে ৩ জন কে হজে নিতে পারবে। ২০২২ সালে তাদের কে হজে নেননি এবং পাসপোর্ট ও টাকা কোনটাও ফেরত দেননি” মর্মে অভিযোগ করা হয়েছে ; এবং

০৫। যেহেতু আপনি ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা অগ্রিম গ্রহণ করেছেন এবং তাদের-কে হজে পাঠানো হয়নি; এবং

০৬। যেহেতু হজ ও ওমরাহ ব্যবস্থাপনা আইন, ২০২১ এবং হজ ও ওমরাহ ব্যবস্থাপনা বিধিমালা ২০২২ অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ ও শাস্তির কারণসমূহ বিদ্যমান;

০৭। সেহেতু আপনার পরিচালিত **বাব-ই-মদিনা ট্রাভেলস এন্ড টুরস (হজ লাইসেন্স নং-৫২৭)**-এর বিরুদ্ধে কেন হজ ও ওমরাহ ব্যবস্থাপনা ২০২১ অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সুস্পষ্ট ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

০৫/০৩/২০২৬
এস.এম. মনিরুজ্জামান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০১১১৯

e-mail:hajsection@gmail.com

স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার

বাব-ই-মদিনা ট্রাভেলস এন্ড টুরস (হজ লাইসেন্স নং-৫২৭)
3/4, Purana Paltan, Madina Tower (3rd Floor),
Room No.405/B, Dhaka-1000.

স্মারক নং-১৬.০০.০০০০.০১৭.৩৩.০৬১.২২.২৯০

তারিখ: ০৫ চৈত্র ১৪২৯
১৯ মার্চ ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা।
২. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার হোটেল ভিক্টোরী, নয়াপল্টন, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি., ১২ কাওরান বাজার, ঢাকা (www.hajj.gov.bd এ প্রকাশ, এজেন্সির ই-মেইলে প্রেরণের অনুরোধ করা হ'ল।
৬. অফিস কপি/সংশ্লিষ্ট নথি।

০৫/০৩/২০২৬
এস.এম. মনিরুজ্জামান
সিনিয়র সহকারী সচিব